# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৫১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৫২]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৯৩: অন্য আরেক প্রকার তাসবীহ

## نوع آخر من عدد التسبيح

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْكَرِيمِ أَبُو زُرْعَةَ الرَّازِيُّ، قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يُونُسَ، قَالَ: حَدَّثَنِي عَلِيُّ بْنُ الْفُضَيْلِ بْنِ عِيَاضٍ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ أَبِي رَوَّادٍ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ رَجُلًا رَأَى فِيمَا يَرَى النَّائِمُ، قِيلَ لَهُ: بِأَيِّ شَيْءٍ أَمَرَكُمْ نَبِيُّكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: أَمَرَنَا أَنْ نُسَبِّحَ ثَلَاثًا وَثَلَاثِينَ، وَنَحْمَدَ ثَلَاثًا وَثَلَاثِينَ، وَنُكَبِّرَ أَرْبَعًا وَثَلَاثِينَ فَتِلْكَ مِائَةٌ، قَالَ: سَبِّحُوا خَمْسًا وَعِشْرِينَ، وَاحْمَدُوا خَمْسًا وَعِشْرِينَ، وَكَبِّرُوا خَمْسًا وَعِشْرِينَ، وَهَلِّلُوا خَمْسًا وَعِشْرِينَ، وَاحْمَدُوا خَمْسًا وَعِشْرِينَ، وَكَبِّرُوا خَمْسًا وَعِشْرِينَ وَهَلِّلُوا خَمْسًا وَعِشْرِينَ فَتِلْكَ مِائَةٌ فَلَمَّا أَصْبَحَ ذَكَرَ ذَلِك لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: افْعَلُوا كَمَا قَالَ الْأَنْصَارِيُّ .

تخريج دارالدعوه: تفرد به المؤلف، (تحفة الأشراف: ٧٧٦٨) (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1352 - حسن صحيح

বাংলা

১৩৫১. ’উবায়দুল্লাহ ইবনু ’আবদুল কারীম আবূ যুর’আহ আর রাযী (রহ.) ... ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। এক ব্যক্তি স্বপ্নে দেখল যে, কেউ তাকে জিজ্ঞেস করছে যে, তোমাদের নবী (সা.) কিসের আদেশ করেছেন? সে বলল, আমাদের নবী (সা.) ৩৩ বার সুবহা-নাল্ল-হ’, ৩৩ বার ’আলহামদুলিল্লা-হ’ এবং ৩৪ বার ’আল্ল-হু আকবার’ বলতে আদেশ করেছেন। এ হলো একশত বার। সে বলল, তোমরা ২৫ বার ’সুবহানাল্ল-হ’, ২৫ বার ’আলহামদুলিল্লা-হ’, ২৫ বার ’আল্ল-হু আকবার’ এবং ২৫ বার ’লা- ইলা-হা ইল্লাল্ল-হ’ বলবে, তাও একশত বার হবে। যখন সকাল হলো ঐ ব্যক্তি স্বপ্ন বৃত্তান্ত নবী (সা.) -কে জানাল। রাসূলুল্লাহ (সা.) বললেন, তোমরা তাসবীহ অনুরূপই বলবে,

যেরূপ আনসারী ব্যক্তি বলেছেন।

## English

93. Another Number For The Tasbih

It was narrated from Ibn 'Umar that : A man saw in a dream that it was said to him: What does your Prophet (ﷺ) command you to do? He said: He commanded us to say Tasbih thirty-three times following the prayer, and to say the tahmid thirty-three times, and to say the takbir thirty-four times, and that makes one-hundred. He said: Say the tasbih twenty-five times and say the tahmid twenty-five times and say the takbir twenty-five times and say the tahlil twenty-five times, and that will make one hundred. The following morning he told the Prophet (ﷺ) about that and the Messenger of Allah (ﷺ) said: Do what the Ansari said.

## ফুটনোট

হাসান: নাসায়ী'র “সুনানুল কুবরা” ১২৭৪, “হিল্‌ইয়াতুল আওলিয়া” (৮/২৯৯-৩০০)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87745

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন